




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
উন্নয়ন-২ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়
www.mos.gov.bd

২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) বাস্তবায়ন ও পরিবীক্ষণ কমিটির ২য় সভার কার্যবিবরণী।

সভাপতি : এস এম ফেরদৌস আলম
অতিরিক্ত সচিব (সংস্থা-১)
নৌপরিবহন মন্ত্রণালয়।
স্থান : নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
সভার তারিখ : ২৬.১২.২০২২
সময় : সকাল ১০.৩০ ঘটিকা।

সভায় উপস্থিতি:

ক্রমিক নম্বর	নাম ও পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ গোলাম রাব্বী, পিএএ, উপসচিব, উন্নয়ন-২ অধিশাখা, নৌপম	 ২৬.১২.২২
২	জনাব মোঃ সাইফুল ইসলাম, উপসচিব, সুশাসন শাখা, নৌপম	 ২৬.১২.২০২২
৩	জনাব জি. এম. ফয়সাল আহমদ, সিস্টেম এনালিস্ট, নৌপম	 ২৬.১২.২২

আলোচনা: সভার প্রারম্ভে সভাপতি এবং সিটিজেন চার্টার ফোকাল পয়েন্ট, নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক সভার উপস্থিত সকলকে স্বাগত জানানো হয়। সভাপতি কর্তৃক নাগরিক/অভ্যন্তরীণ সেবা নিশ্চিত করার ক্ষেত্রে সেবা প্রদান প্রতিশ্রুতির যথাযথ বাস্তবায়নের গুরুত্ব সম্পর্কে আলোকপাত করে আলোচ্যসূচী অনুসারে সভার কার্যক্রম এগিয়ে নিতে সদস্য সচিবকে আহ্বান জানান। অতঃপর সদস্য-সচিব এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব মোঃ গোলাম রাব্বী, পিএএ, উপসচিব নৌপরিবহন মন্ত্রণালয়ের বিদ্যমান সেবা প্রদান প্রতিশ্রুতি সভায় উপস্থাপন করেন। এছাড়া সভায় মন্ত্রণালয়ের ২০২২-২৩ সালের কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জানানো হয় যে, বিগত সভার সিদ্ধান্তের আলোকে মন্ত্রণালয় এবং ১১টি দপ্তর/সংস্থার সিটিজেন চার্টার ইতঃমধ্যে হালনাগাদ করা হয়েছে। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সিদ্ধান্ত-১: অবিলম্বে নৌপরিবহন মন্ত্রণালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারিত কলামে দায়িত্বপ্রাপ্ত/শাখা কর্মকর্তাদের তথ্য হালনাগাদ করতে হবে।

সিদ্ধান্ত-২: আইসিটি শাখার সেবা কার্যক্রমকে 'অভ্যন্তরীণ সেবা' এ যুক্ত করতে হবে।

সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, সিদ্ধান্ত দু'টি বাস্তবায়নপূর্বক একটি প্রতিবেদন সদস্য-সচিব বরাবর প্রেরণ করবেন।

আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:

(এস এম ফেরদৌস আলম)
অতিরিক্ত সচিব (সংস্থা-১)

ও


সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ
কমিটি, নৌপরিবহন মন্ত্রণালয়।

স্মারক নং ১৮.০০.০০০০.০৩৯.৯৯.০০৬.২২.৬৫

তারিখ: ০১.০১.২০২৩

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ: আ: উপসচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি, মন্ত্রিপরিষদ বিভাগ)।
২. চেয়ারম্যান, (জাতীয় নদী রক্ষা কমিশন/চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ/মোংলা বন্দর কর্তৃপক্ষ/বিআইডব্লিউটিসি/বিআইডব্লিউটিএ/পায়রা বন্দর কর্তৃপক্ষ।
৩. মহাপরিচালক, নৌ-পরিবহন অধিদপ্তর, ১৪১-১৪৩ মতিঝিল বা/এ, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৫. কমান্ড্যান্ট, মেরিন একাডেমি, জুলদিয়া চট্টগ্রাম।
৬. অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইন্সটিটিউট, চট্টগ্রাম/রংপুর/সিলেট/বরিশাল/পাবনা।
৭. যুগ্মসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. উপসচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. সচিবের একান্ত সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সিস্টেম এনালিস্ট, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. অতিরিক্ত সচিব (উন্নয়ন/সংস্থা-১) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নৌপরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(মোঃ গোলাম রাকী পিএএ)

উপসচিব

ফোন: ৯৫৪৫০৯৮

ইমেইল: ds.dev2@mos.gov.bd